[redacted]

[redacted]

বক্স,৮টি চেয়ার,৫টি বিপনি মেশিন,৫টি ডিজিটাল থার্মোমিটার, ৩টি ডায়বেটিস মাপামেশিন।

মেহেরপুর টিটিসিতে প্রশিক্ষণার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) তে বিভিন্ন ট্রেড ও এসেট প্রোগ্রামের প্রশিক্ষণার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ সোমবার (২৫ নভেম্বর) বিকেল ৩ টার দিকে টিটিসির কনফারেন্স রুমে প্রশিক্ষণার্থীদের এ উপকরণ বিতরণ করা হয়।

অক্টোবর-ডিসেম্বর সেসনের ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স, ম্যাশনারী, আইটি সাপোর্ট এন্ড সার্ভিস, কনজ্যুমার ইলেকট্রনিকস, টেইলারিং এন্ড ড্রেস মেকিং এই পাঁচ টি ট্রেডের ১শ ২৫ জন প্রশিক্ষণার্থীদের মাঝে ফাইল, সিবিএলবি, সিএস, খাতা, কলম, ফাইল এবং এসেট প্রোগ্রামের শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও টি শার্ট প্রদান করা হয়।

টিটিসি’র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার বলেন, প্রশিক্ষণার্থীদের কারিগরী দক্ষতা বৃদ্ধি, শিক্ষার মান উন্নয়ন ও কারিগরী শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধির জন্য এসেট প্রোগ্রাম থেকে এ ধরনের শিক্ষা উপকরণ প্রদান করা হয়ে থাকে।

এ সময় উপস্থিত ছিলেন ইন্সট্রাক্টর (ম্যাশনারী) শিখা খানম, ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) সোহেল রানা, ইন্সট্রাক্টর (আইটি) আলামিন হোসেন,ইন্সট্রাক্টর (ইলেকট্রনিকস) মাসুদ পারভেজ, ইন্সট্রাক্টর (গার্মেন্টস) আনিসুর রহমান সহ প্রশিক্ষণার্থীবৃন্দ।

মুজিবনগরে গুডনেইবারর্সের শিক্ষা উপকরণ বিতরণ

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, স্পন্সর শিশুদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (২৯ মে) বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে আয়োজিত বিতরণ অনুষ্ঠানে সিডিপি ম্যানেজার সুব্রত টুডের সভাপতিত্বে এবং সিডিপির সিনিয়র অফিসার রিফাত আল মাহমুদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষা উপকরণ বিতরণের উদ্বোধন করেন জেলা প্রশাসক শামীম হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তানভীর হাসান রুমান, জেলা সমবায় অফিসার প্রভাস চন্দ্র বালা, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন।

অনুষ্ঠানে গুড নাইট বারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির অন্তর্গত ১২শত স্পনসর শিশুদের মাঝে খাদ্য সামগ্রী, শিক্ষা সামগ্রী, স্বাস্থ্য সামগ্রী, বিতরণের উদ্বোধন করা হয়।

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ

বিতরণ

শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণের আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সচিব সানোয়ার হোসেন সানু, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

এ সময় ৭ টি এন্ড্রয়েড টিভি, ৭ টি সাউন্ড বক্স, ৪৮টি ফ্যান, ৬০টি ডাস্টবিন, ১০টি সাইকেল, ২৩টি সেলাই মেশিন, মোট সাড়ে আট লাখ টাকার শিক্ষাও উপকরণ সেলাই মেশিন বাদে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম স্মরণসভা শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরের প্রান্তিক জনপদ সদর উপজেলার শোলমারি গ্রামে ‘শোলমারি মাধ্যমিক বিদ্যালয়ে’ বীর মুক্তিযোদ্ধা, যমুনা গ্রুপের

প্রতিষ্ঠাতা চেয়ারম্যান নুরুল ইসলামের তৃতীয় মৃত্যুবার্ষিকীতে স্মরণসভা, দুস্থ শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

যুগান্তর মেহেরপুর প্রতিনিধি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুর রহমান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, ভোরের কাগজ প্রতিনিধি মর্তুজা ফারুখ রূপক প্রমুখ। পরে মিলাদ মাহফুল অনুষ্ঠিত হয়। দোওয়া পরিচালনা করেন- বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তাক আহম্মেদ।